# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যে বিভিন্ন রকম তাহাজ্জুদ সালাতের উল্লেখ করলাম, তার সবগুলো সহীহ, সুপ্রমাণিত; এসবের মাঝে কোন বৈপরীত্ব নেই

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ تَفْضِيلَ الصَّلَوَاتِ الَّتِي ذَكَرْنَاهَا مِنْ تَهَجُّدِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ كُلُّهَا صَحِيحَةٌ ثَابِتَةٌ مِنْ غَيْرِ تَضَادٍّ بَيْنَهَا أَوْ تَهَاتُرٍ

আরবী

2612 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُؤَمَّلُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عُلَيَّةَ عَنْ مَنْصُورِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي إِسْحَاقَ الْهَمْدَانِيِّ عَنْ مَسْرُوقٍ: أَنَّهُ دَخَلَ عَلَى عَائِشَةَ فَسَأَلَهَا عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ يُصَلِّي ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً مِنَ اللَّيْلِ ثُمَّ إِنَّهُ صَلَّى إِحْدَى عَشْرَةَ رَكْعَةً ـ تَرَكَ رَكْعَتَيْنِ ثُمَّ قُبِضَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ قُبِضَ وَهُوَ يُصَلِّي مِنَ اللَّيْلِ تِسْعَ رَكَعَاتٍ آخِرَ صَلَاتِهِ مِنَ اللَّيْلِ وَالْوِتْرِ ثُمَّ رُبَّمَا جَاءَ إِلَى فِرَاشِي هَذَا فَيَأْتِيهِ بِلَالٌ فيؤذنه بالصلاة.

الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2612 | خلاصة حكم المحدث: منكر ـ ((الضعيفة)) (6366)، ((ضعيف أبي داود)) (242).

বাংলা

২৬১২. মাসরূক রহিমাহুল্লাহ বলেন যে, তিনি একবার আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার কাছে গিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের রাতের সালাত সম্পর্কে জিজ্ঞেস করেন। তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা জবাবে বলেন, “তিনি রাতে ১৩ রাকা‘আত সালাত আদায় করতেন। তারপর তিনি ১১ রাকা‘আত সালাত আদায় করেন; দুই রাকা‘আত ছেড়ে দেন। তারপর যখন তাঁকে মৃত্যু দেওয়া হয়, সেসময় তিনি নয় রাকা‘আত সালাত আদায় করেন। এটা রাতের শেষের ও বিতরের সালাত। তারপর তিনি কখনো কখনো আমার বিছানায় আসতেন। অতঃপর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর কাছে আসতেন এবং সালাতের কথা জানাতেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে মুনকার বা দুর্বল বলেছেন। (যঈফ আবূ দাঊদ: ২৪২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মাসরূক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91942

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন